



ব্যাপক উৎসাহ উদ্বোধনা, নানা আনুষ্ঠিকতা ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহনের মধ্য দিয়ে ইস্টার্ন মেডিকেল কলেজ, কুমিল্লায় শ্রী শ্রী সরঞ্জতী পূজা-২০২৪ উদযাপন হয়েছে।

শান্ত্রিমতে, প্রতি বছর মাঘ মাসের শুক্লপক্ষের পঞ্চমী তিথিতে জ্ঞান ও বিদ্যার দেবী সরঞ্জতীর বন্দনা করা হয়। এবার এদিনটি ছিল ১৪ই ফেব্রুয়ারী, ২০২৪, রোজ বুধবার। এরিদিন সকাল ৯ টায় পূজা আরম্ভ হয়। সকাল ১০ টায় সকল সনাতন চিকিৎসক, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী ও সেবিকাবৃন্দ দেবীকে পুস্পাঙ্গলী প্রদান করেন। এরপর পূজারীদের মাঝে প্রসাদ বিতরণ এবং আগত অতিথিদের আপ্যায়ন করা হয়।

দুপুর ১২ টায় সরঞ্জতী পূজার স্মরণিকা 'প্রজ্ঞা' উন্মোচন করা হয়। 'প্রজ্ঞা' উন্মোচন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইস্টার্ন মেডিকেল কলেজ ও হাসপাতালের প্রধান উপদেষ্টা প্রফেসর ডা. মোসলেহ উদ্দিন আহমেদ, চেয়ারম্যান ডা. কামরুন নাহার, একাডেমিক ডিরেক্টর প্রফেসর ডা. মো. কলিমউল্লাহ, অধ্যক্ষ প্রফেসর ডা. রফিনি কুমার দাস, উপাধ্যক্ষ প্রফেসর ডা. জাকিরুল ইসলাম, হাসপাতাল পরিচালক প্রফেসর ডা. খোরশেদ আলম, প্রফেসর ডা. নূরজাহান বেগম, সকল সনাতন শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ এবং পূজা উদযাপন পরিষদ-২০২৪ এর সভাপতি ডা. পিয়ুষ কর্মকার।

পূজার দিন সন্ধ্যায় প্রদীপ প্রজ্জ্বলন, সন্ধ্যা আরতি এবং সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন এই কলেজের শিক্ষার্থীরা। পরদিন সকালে প্রতিমা বিসর্জনের মাধ্যমে পূজার আনুষ্ঠিকতা সমাপ্ত হয়।